দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR. 8. 1999.
পৃষ্ঠা ৫ম কলাম ৫

২।

# প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের দুর্নীতি ॥ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

**ইত্তেফাক রিপোর্ট ॥** সন্দ্বীপ হইতে নির্বাচিত জাতীয় সংসদ সদস্য আলহাজ্ব মুস্তাফিজুর রহমান বিদ্যালয়হীন গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন সংক্রান্ত বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সংঘটিত দুর্নীতির সঠিক তদন্তের দাবী জানাইয়াছেন। গত ৪ঠা এপ্রিল জাতীয় সংসদে ৭১ বিধিতে আনীত শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণপূর্বক নোটিসে এই দাবী জানান। জনাব রহমান বলেন, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরীবিক্ষণ ইউনিট, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ ঢাকার গত ২৫শে নভেম্বর বিভিন্ন সংবাপত্রে প্রদত্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ১১৮টি সংস্থা আবেদনপত্র জমা দেয় বলিয়া জানাগিয়াছে। উহার মধ্যে ৬১টি বেসরকারী সংস্থাকে (এনজিও) প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়। ইহার মধ্যে গোপন আঁতাত করিয়া ৪১টি এনজিওকে চূড়ান্তভাবে নির্বাচিত করা হইয়াছে।

জনাব রহমান বর্তমান কমিটি বাতিল ও একটি নিরপেক্ষ বাছাই কমিটি গঠন করিয়া পুরা এনজিও বাছাই পর্ব সম্পন্ন করার নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য শিক্ষামন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়াছেন।

এদিকে বিদ্যালয়বিহীন গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপনের লক্ষ্যে বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা ও এনজিওদের নিকট হইতে প্রাপ্ত আবেদনপত্র বাছাই-এ অনিয়ম সংক্রান্ত এক আবেদনপত্রের প্রেক্ষিতে গঠিত এক কমিটিকে এই অভিযোগের তদন্ত প্রতিবেদন আগামী ১৩ই এপ্রিলের মধ্যে দাখিল করার অনুরোধ জানান হইয়াছে।